


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

নম্বর-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০২.২৩-৮৮

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩০ / ২৬ জুন, ২০২৩

**বিজ্ঞপ্তি নম্বর (৩২-৫১)/২০২৩**

পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা, নিম্নলিখিত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদের নিকট থেকে অনলাইনে আবেদনপত্র আহবান করছেন :

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২.০৯.২০২২ তারিখের ১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৩২ ইউনিট-৫ | **প্রভাষক** [৯ম গ্রেড] এর ১০ (দশ)টি অস্থায়ী পদ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন শারীরিক শিক্ষা কলেজ। | টাকা- ২২,০০০-৫৩০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে (ক) শারীরিক শিক্ষায় অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা (খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ডিগ্রি। | - | ১৮৯ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৩৩ ইউনিট-১ | **সহকারী স্থপতি** [৯ম গ্রেড] এর ১০ (দশ)টি স্থায়ী পদ। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীন স্থাপত্য অধিদপ্তর। | টাকা- ২২,০০০-৫৩০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্থাপত্যে স্নাতক ডিগ্রি। | - | ৩০১ | ৩০ বছর। |

ক্রমশ/২

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২.০৯.২০২২ তারিখের ১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৩৪ ইউনিট-৫ | **জেলা ক্রীড়া অফিসার** [৯ম গ্রেড] এর ১১ (এগারো)টি স্থায়ী পদ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন ক্রীড়া পরিদপ্তর। | টাকা- ২২,০০০-৫৩০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ব্যাচলর অব ফিজিক্যাল এডুকেশন (বিপিএড) ডিগ্রিসহ,<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; বা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি; অথবা<br>(খ) আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতায় জাতীয় দলের প্রতিনিধিত্বকারী জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক প্রত্যয়নকৃত কোনো খেলোয়াড়, যিনি কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিপ্রাপ্ত; বা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রিপ্রাপ্ত; বা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রিপ্রাপ্ত। | - | ১০১-৯৯৯ | ৩০ বছর। |

ক্রমশ/৩

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/ স্নাতক/ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২.০৯.২০২২ তারিখের ১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৩৫ ইউনিট-৭ | **সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল)** [৯ম গ্রেড] এর ০৬ (ছয়) টি অস্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার। | টাকা- ২২,০০০-৫৩০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। | | ৩০৫, ৩৩৮ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৩৬ ইউনিট-৭ | **সহকারী প্রকৌশলী (ইলেকট্রনিক্স)** [৯ম গ্রেড] এর ০৬ (ছয়) টি অস্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার। | টাকা- ২২,০০০-৫৩০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে (ইলেকট্রনিক্স) বা বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। | | ৩০৭, ৩৩৮ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৩৭ ইউনিট-৭ | **সহকারী প্রকৌশলী (এক্সরে)** [৯ম গ্রেড] এর ০৭ (সাত) টি অস্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের অধীন ন্যাশনাল ইলেকট্রো-মেডিক্যাল ইকুইপমেন্ট মেইনটেন্যান্স ওয়ার্কশপ অ্যান্ড ট্রেনিং সেন্টার। | টাকা- ২২,০০০-৫৩০৬০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রনিক্স বা বায়োমেডিক্যাল বা কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি। | | ৩০৭, ৩২৪, ৩৩৮ | ৩০ বছর। |

ক্রমশ/৪

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২.০৯.২০২২ তারিখের ১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে বয়স |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৩৮ ইউনিট-৩ | **সুপারিনটেনডেন্ট** [১০ম গ্রেড] এর ০২ (দুই)টি স্থায়ী পদ। | পররাষ্ট্র মন্ত্রণালয় | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। | (ক) কোনো স্বীকৃত বোর্ড, ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার অপারেশন বা অফিস এপ্লিকেশনে বেসিক বা সমমানের কোর্স উত্তীর্ণের সনদ; এবং<br>**(খ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮ এর তফসিল-২ এর অংশ-ক অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।** | ১০১-৯৯৯ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৩৯ ইউনিট-১১ **পুন:বিজ্ঞপ্তি** | **গ্রাফিক ডিজাইনার** [১০ম গ্রেড] এর ০১ (এক) টি স্থায়ী পদ। | ডাক, টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের আওতাধীন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ডাক অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বোর্ড/ইনস্টিটিউট/ প্রতিষ্ঠান হতে কমার্শিয়াল আর্টস/ফাইন আর্টসে ডিপ্লোমা। | পেস্টআপ প্রসিডিউর, প্রসেস ফটোগ্রাফি, রিটাচিং ডিটেকটিং এবং প্লেট প্রসেসিং কাজে বাস্তব অভিজ্ঞতাসহ কপি প্রিপারেশন টাইপো গ্রাফিক্যাল এবং পিক্টোরিয়াল লেআউট ডেমি গ্রাফিক ডিজাইনসহ মুদ্রণ মাধ্যমে অক্ষর সংযোজনে [Lettering for Printing medium] অন্যূন ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা। | ৫৫ ও ৭৯ | অনূর্ধ্ব ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪০ ইউনিট-১১ | **সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার** [১০ম গ্রেড] এর ১৫৯ (একশত উনষাট)টি স্থায়ী পদ। **(বিভাগীয় কোটায় পূরণযোগ্য)।** | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রি। | বিভাগীয় প্রার্থী বলতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের যে কোনো শিক্ষক। | ১০১-৯৯৯ | ৪৫ বছর। |
| ক্রমিক নম্বর-৪১ ইউনিট-০২ | **উপ-সহকারী প্রকৌশলী** [১০ম গ্রেড] এর ০৭ (সাত) টি স্থায়ী পদ। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ টেলিভিশন। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃতপ্রাপ্ত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ ৩ বছরের কোর্সের ডিপ্লোমা। | - | ২৪<br>২৫<br>২৬<br>৩১<br>৪১ | অনূর্ধ্ব ৩০ বছর। |

** বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৪১ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ জুন, ২০২১ তারিখের ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ নং প্রজ্ঞাপন অনুযায়ী (কপি সংযুক্ত) মূল টেকনোলজির পদসমূহে আবেদনের ক্ষেত্রে ইমার্জিং টেকনোলজির ডিগ্রীধারী প্রার্থীগণ আবেদনের সুযোগ পাবেন।

ক্রমশ/৫

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২.০৯.২০২২ তারিখের ১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৪২ ইউনিট-৪ | **হোস্টেল সুপার** [১০ম গ্রেড] (২য় শ্রেণি) এর ০১ (এক) টি অস্থায়ী পদ (বছর বছর সংরক্ষণকৃত)। | ভূমি মন্ত্রণালয়ের অধীন ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি অথবা<br>(আ) ০৪ (চার) বছর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক সম্মান ডিগ্রি। | ক. সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>খ. কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | ১০১-৯৯৯ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪৩ ইউনিট-৩ | **হার্ডওয়ার টেকনিশিয়ান** [১০ম গ্রেড] এর ০১ (এক) টি অস্থায়ী পদ। | আইন ও বিচার বিভাগ, আর্ন্তজাতিক অপরাধ ট্রাইব্যুনাল। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে কম্পিউটার টেকনোলজি বিষয়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং সার্টিফিকেট। | - | ২০<br>**২৩** | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪৪ ইউনিট-১২ | **উপসহকারী প্রকৌশলী/নক্সাকার (উপসহকারী প্রকৌশলী** [১০ম গ্রেড] এর ৬৫৬ (ছয়শত ছাপান্ন) টি স্থায়ী পদ। | স্থানীয় সরকার বিভাগ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত ইনস্টিটিউট বা শিক্ষা প্রতিষ্ঠান হইতে পুরকৌশলে অন্যূন দ্বিতীয় শ্রেণীর ডিপ্লোমা। | - | ১৮, ১৯, ২২, ২৭ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪৫ ইউনিট-১২ | **শ্রম পরিদর্শক (সেফটি)** [১০ম গ্রেড] এর ৪১ (একচল্লিশ) টি অস্থায়ী পদ। | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হইতে সিভিল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা কনস্ট্রাকশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা। | - | ১৫, ১৭, ১৮, ১৯, ২২, ২৪, **২৫**, ২৬, ২৭, ২৮, ৩১, ৩২, ৩৪, ৩৫, ৩৬, ৪১, ৭৫ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪৬ ইউনিট-৫ | **এ্যাসিস্ট্যান্ট ইলেকট্রিক ইন্সপেক্টর (সহকারী বিদ্যুৎ পরিদর্শক)** [১০ম গ্রেড] এর ১৪ (চৌদ্দ) টি অস্থায়ী পদ। | বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিদ্যুৎ বিভাগের আওতাধীন প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | ক. ডিপ্লোমা-ইন-ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং এ প্রথম বিভাগে উত্তীর্ণ বা সমমানের গ্রেড বা সিজিপিএ প্রাপ্ত। | ক. উপকেন্দ্র স্থাপন, ইলেকট্রিক্যাল টেস্টিং, জেনারেশন ট্রান্সমিশন এবং ব্যবহারের উপর অন্যূন ০১ (এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>খ. কম্পিউটার ব্যবহারে দক্ষতা। | ২৪, ২৫, ২৬, ৩১, ৪১ | ৩০ বছর। |

**** বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর-৪৩, ৪৪, ৪৫, ৪৬ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এর ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ/১৩ জুন, ২০২১ তারিখের ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯ নং প্রজ্ঞাপন অনুযায়ী (কপি সংযুক্ত) মূল টেকনোলজির পদসমূহে আবেদনের ক্ষেত্রে ইমার্জিং টেকনোলজির ডিগ্রীধারী প্রার্থীগণ আবেদনের সুযোগ পাবেন।**

ক্রমশ/৬

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ও ইউনিট | পদের নাম, গ্রেড ও সংখ্যা | মন্ত্রণালয়-বিভাগ-অধিদপ্তর | বেতন স্কেল | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা ও অন্যান্য | শিক্ষাগত যোগ্যতার স্নাতকোত্তর/স্নাতক/ ডিপ্লোমা বিষয়ক বিষয় কোড | জনপ্রশাসন মন্ত্রনালয়ের ২২.০৯.২০২২ তারিখের ১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ তারিখে |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ক্রমিক নম্বর-৪৭ ইউনিট-৭ | **মিডওয়াইফ** [১০ম গ্রেড] এর ৪০১ (চারশত এক) টি অস্থায়ী পদ। | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের নিয়ন্ত্রণাধীন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মিডওয়াইফারি বিষয়ে স্নাতক ডিগ্রি বা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত। | - | ৮১, ৪০২ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪৮ ইউনিট-৩ | **ব্যক্তিগত কর্মকর্তা** [১০ম গ্রেড] এর ৫০ (পঞ্চাশ) টি স্থায়ী পদ। | পররাষ্ট্র মন্ত্রণালয়। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; | পররাষ্ট্র মন্ত্রণালয় নিয়োগ বিধিমালা ২০১৮ এর তফসিল-২ এর অংশ-গ (লিখিত ও মৌখিক) এবং অংশ-ছ (সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর) অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১০১-৯৯৯ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৪৯ নন-ক্যাডার শাখা | **ব্যক্তিগত কর্মকর্তা** [১০ম গ্রেড] এর ৯৪ (চুরানব্বই) টি স্থায়ী/অস্থায়ী পদ | বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রি; | কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা-২০১৪ (সংশোধিত ২০২০) এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | ১০১-৯৯৯ | ৩০ বছর। |
| ক্রমিক নম্বর-৫০ ইউনিট-০৬ | **স্টেশন অফিসার** [১২তম গ্রেড] এর ১৭৬ (একশত ছিয়াত্তর)টি স্থায়ী/অস্থায়ী পদ (৩৭টি স্থায়ী পদ এবং ১৩৯টি অস্থায়ী পদ)। ০৩ (তিন) বছর সংরক্ষণের পর স্থায়ী হওয়ার সম্ভাবনা আছে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের অধীন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর। | টাকা-১১,৩০০-২৭,৩০০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী অন্যান্য ভাতা/ সুবিধাদি)। | কোনো স্বীকৃতপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হতে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। | ১. শারীরিক যোগ্যতা :-<br>(অ) পুরুষ-<br>উচ্চতা : ৫´-৬´ ন্যূনতম<br>বুক : ৩২´ ন্যূনতম<br>ওজন : ১১০ পাউন্ড ন্যূনতম<br>(আ) মহিলা-<br>উচ্চতা : ৫´-৩´ ন্যূনতম<br>বুক : ৩০´ ন্যূনতম<br>ওজন : ১০০ পাউন্ড ন্যূনতম<br>২. ত্রুটিমুক্ত শারীরিক গঠন।<br>৩. অবিবাহিত। | ১০১-৯৯৯ | নিম্নতম ১৮ বছর সর্বোচ্চ ২৭ বছর। |
| ক্রমিক নম্বর-৫১ ইউনিট-১০ | **সহকারী প্রটোকল অফিসার** [১০ম গ্রেড] এর ০১ (এক) টি অস্থায়ী পদ। | রাষ্ট্রপতির কার্যালয়, জন বিভাগ। | টাকা-১৬,০০০-৩৮,৬৪০ (জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) তৎসহ বিধি অনুযায়ী দেয় অন্যান্য ভাতা/ সুবিধাদি। | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি। | - | ১০১-৯৯৯ | ৩০ বছর। |

ক্রমশ/৭

## নির্দেশাবলি:

**বিশেষ দ্রষ্টব্য:** সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত নিয়োগযোগ্যতা এবং কমিশন সচিবালয়ের ০১.০৪.২০১৯ তারিখে ৮০.০০.০০০০.৪০৬.১৮.০০৫.১৫-৩৭ নম্বর অফিস আদেশে জারিকৃত নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার নীতিমালার ৪.৩ অনুচ্ছেদ অনুযায়ী বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর ৩২-৫১ এর পদসমূহের সারসংক্ষেপ নিম্নরূপ:

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | গ্রেড | পদের ধরণ |
|---|---|---|
| ৩২, ৩৩, ৩৫, ৩৬, ৩৭ | ৯ম গ্রেড | টেকনিক্যাল |
| ৩৪ | ৯ম গ্রেড | নন-টেকনিক্যাল |
| ৩৮, ৪০, ৪২, ৪৮, ৪৯, ৫১ | ১০ম গ্রেড | নন-টেকনিক্যাল |
| ৩৯, ৪১, ৪৩, ৪৪, ৪৫, ৪৬, ৪৭ | ১০ম গ্রেড | টেকনিক্যাল |
| ৫০ | ১২তম | নন-টেকনিক্যাল |

**শিক্ষাগত যোগ্যতা অনুযায়ী এক বা একাধিক পদে রেজিস্ট্রেশন করা যাবে। একাধিক পদে রেজিস্ট্রেশন করলে প্রতিটি পদের জন্য আলাদা আলাদা রেজিস্ট্রেশন ফি জমা দিতে হবে।**

১. **অনলাইনে আবেদনপত্র (বিপিএসসি ফরম-5A) পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়:**

ক. প্রার্থীদের টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd অথবা বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের Web address : www.bpsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র Applicant's Copy (BPSC Form-5A) পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। উল্লিখিত ওয়েবসাইটে প্রবেশ করে Non-Cadre অপশন select করে ক্লিক করলে নন-ক্যাডার বিভিন্ন পদের বিজ্ঞপ্তি, আবেদনপত্র অনলাইনে পূরণ, sms এর মাধ্যমে ফি জমাদান ও প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলির রেডিও বাটন দৃশ্যমান হবে। ফরম পূরণের পূর্বে প্রার্থী অবশ্যই Instructions এবং বিজ্ঞপ্তি download করে প্রতিটি নির্দেশনা অনুসরণ করবেন।

**খ. অনলাইনে আবেদনপত্র পূরণ ও ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ২৬.০৬.২০২৩ খ্রিঃ, দুপুর ১২.০০টা।**

**গ. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ৩১.০৭.২০২৩ খ্রিঃ, সন্ধ্যা ৬.০০টা।**

**ঘ. কেবল User ID প্রাপ্ত প্রার্থীগণ ৩১.০৭.২০২৩ তারিখ সন্ধ্যা ৬.০০ টা হতে পরবর্তী ৭২ ঘণ্টার মধ্যে অর্থাৎ ০৩.০৮.২০২৩ তারিখ, সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত sms এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন।** নির্ধারিত তারিখ ও সময়ের পরে sms এর মাধ্যমে ফি জমাদান এবং অনলাইনে কোন আবেদন গ্রহণ করা হবে না।

**ঙ. ফি জমাদানের পূর্ব পর্যন্ত আবেদনপত্রে সংশোধনের সুযোগ রয়েছে। প্রার্থীদের আবেদনের প্রিন্ট কপি দেখে নিশ্চিত হয়ে ফি জমা দিতে হবে। ফি জমাদানের পর আবেদনপত্রে আর কোন সংশোধনের সুযোগ থাকবে না।**

ক্রমশ/৮

২. **ক. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নম্বর স্মারক অনুযায়ী ২৫.০৩.২০২০ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থীদের বয়স সংশ্লিষ্ট পদের বিপরীতে বিজ্ঞপ্তির ০৮ নম্বর কলামে উল্লিখিত বয়সসীমার মধ্যে থাকতে হবে।**

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। কোন প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা হিসেবে আবেদনপত্রে উল্লেখ করলে সে ক্ষেত্রে মুক্তিযোদ্ধার প্রমাণক হিসেবে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯/০৬/২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নম্বর পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রার্থীকে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদি অনুচ্ছেদ-৯ এ বর্ণিত কাগজপত্রাদি/তথ্যাদিসহ দাখিল করতে হবে:

খ.১ মুক্তিযোদ্ধার নাম সংবলিত “লাল মুক্তিবার্তা” অথবা “ভারতীয় তালিকা”র সত্যায়িত কপি এবং মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা সংবলিত তালিকা বিপিএসসি ফরম-5A (Applicant's Copy) এর সাথে জমা দিতে হবে। আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত “লাল মুক্তিবার্তা” কিংবা “ভারতীয় তালিকা” অথবা উপস্থাপিত উভয় তালিকার সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ.২ কোনো মুক্তিযোদ্ধার নাম “লাল মুক্তিবার্তা” কিংবা “ভারতীয় তালিকা”য় না থাকলে প্রার্থীকে মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত

১. গেজেট ও সাময়িক সনদ

অথবা

২. গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ

অথবা

৩. গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ

এর কপি Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে জমা দিতে হবে। Applicant's Copy (BPSC Form-5A) তে প্রার্থীর উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/গেজেট ও বামুস সনদ/গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

গ. প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স অনূর্ধ্ব ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

৩. জাতীয়তা :

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ. যেসকল প্রার্থী কোন অ-বাংলাদেশি নাগরিককে বিবাহ করেছেন অথবা বিবাহ করতে প্রতিশ্রুতিবদ্ধ হয়েছেন সে সকল প্রার্থী সরকারের লিখিত অনুমতি ব্যতিরেকে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। সরকারের অনুমতিপত্র লিখিত পরীক্ষার পর Applicant's Copy (BPSC Form-5A) এর সাথে অবশ্যই জমা দিতে হবে।

৪. ডিক্লারেশন :

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রার্থী প্রদত্ত তথ্য বা তার অংশবিশেষ অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল হবে এবং ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীতব্য যেকোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যেকোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ক্রমশ/৯

৫. ছবি (Picture) : BPSC Form-5A সাফল্যজনকভাবে পূরণ সম্পন্ন হলে Application preview দেখা যাবে। preview এর নির্ধারিত স্থানে প্রার্থীকে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×300 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 100 KB এর বেশি নয় এরূপ মাপের সদ্য (দুই মাসের মধ্যে) তোলা রঙ্গীন ছবি Scan করে jpg format এ upload করতে হবে। সাদাকালো ও পুরাতন ছবি গ্রহণযোগ্য নয়। ছবি উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল হবে। সানগ্লাসসহ ছবি গ্রহণযোগ্য হবে না। Home page এর Help Menu তে ক্লিক করলে Photo এবং Signature সম্পর্কে বিস্তারিত নির্দেশনা পাওয়া যাবে।

৬. স্বাক্ষর (Signature) : Application Preview'তে স্বাক্ষরের জন্য নির্ধারিত স্থানে (দৈর্ঘ্য×প্রস্থ) 300×80 pixel এর কম বা বেশি নয় এবং ফাইল সাইজ 60 KB এর বেশি নয়, এরূপ মাপের প্রার্থীর স্বাক্ষর Scan করে jpg format এ upload করতে হবে। স্বাক্ষর উল্লিখিত মাপের না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৭. **পরীক্ষার ফি প্রদান :**

অনলাইনে আবেদনপত্র (BPSC Form-5A) যথাযথভাবে পূরণপূর্বক নির্দেশমতে ছবি এবং Signature upload করে প্রার্থী কর্তৃক আবেদনপত্র submission সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID সহ ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থীকে প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করতে হবে। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং এই User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর থেকে SMS করে নিম্নের ছক অনুযায়ী **পরীক্ষার ফি** জমা দিবেন।

| বিজ্ঞপ্তির ক্রমিক নম্বর | পদে গ্রে | পরীক্ষার ফি/হার (টাকা) |
|---|---|---|
| ৩২-৩৭ | ৯ম গ্রেড | ৬০০/- |
| ৩৮-৪৯, ৫১ | ১০ম গ্রেড | ৫০০/- |
| ৫০ | ১২তম গ্রেড | ৩০০/- |

প্রথম SMS : BPSC<space>User ID লিখে send করুন 16222 নম্বরে ।

Example : BPSC NCRPQBCR send to 16222

Reply: Applicant's Name, Tk-500/300 will be charged as application fee. Your PIN is (8 digit number). To pay fee Type BPSC<space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : BPSC<space> YES <space> Pin লিখে send করুন 16222 নম্বরে।

Example : BPSC YES (8 digit number) send to 16222

Reply: Congratulations! Applicant's Name, payment completed successfully for Non-cadre examination. User ID is (xxxxxxxx) and Password (xxxxxxxx).

**বিশেষ দ্রষ্টব্য :** If password is lost, please type BPSC<Space> HELP<Space> SSC Board<Space> SSC Roll<Space>SSC Year and Send to 16222. অথবা টেলিটকের বর্ণিত ওয়েবসাইটে Home page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery, Password Recovery ও Payment Status বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Submit করলে কাঙ্ক্ষিত তথ্যাবলি পাওয়া যাবে।

৮.

ক. প্রবেশপত্র (Admit Card) : প্রার্থী তার User ID এবং Password ব্যবহার করে ছবি ও রেজিস্ট্রেশন নম্বর সংবলিত প্রবেশপত্র (Admit Card) download করতে পারবেন।

খ. বিজ্ঞাপনে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা এবং বয়সসীমা না থাকলে কোন প্রার্থী আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন না। কোন প্রার্থী পরীক্ষার ফি জমা দিয়ে Admit card পাওয়ার পর একাধিকবার অনলাইনে Application Form জমা দিতে পারবেন না। কোন প্রার্থী অনলাইনে আবেদন ফরম পূরণ করে ফি জমাদান সম্পন্ন করলে তার আবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়েছে বলে গণ্য হবে। **প্রার্থী মিথ্যা/ভিন্ন/ভুল তথ্য দিয়ে একাধিকবার ফর্ম পূরণ করে একাধিক Admit card গ্রহণ করলে এবং প্রক্রিয়ায়ণের যেকোন স্তরে জালিয়াতি প্রমাণিত হলে এরূপ প্রার্থীর সামগ্রিক প্রার্থিতা বাতিল হবে। উক্ত প্রার্থী ভবিষ্যতে বিপিএসসি কর্তৃক বিজ্ঞাপিত সকল পদে আবেদনের জন্য অযোগ্য ঘোষিত হবেন এবং উক্ত প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

ক্রমশ/১০

৯. **Applicant's Copy (BPSC Form-5A) প্রাপ্তি ও জমাদান :**

**প্রার্থীদের BPSC Form-5A (Applicant's Copy) কমিশনের ওয়েবসাইট থেকে ডাউনলোড করে মৌখিক পরীক্ষার পূর্বে নিম্নোক্ত কাগজপত্র/তথ্যাদিসহ কমিশন কর্তৃক নির্দেশিত সময়ে এবং স্থানে জমা দিতে হবে :**

১. প্রার্থীকে জমাপ্রদানকৃত সনদ/কাগজপত্রের একটি তালিকা **BPSC Form-5A (Applicant's Copy)** এর সাথে জমা প্রদান করতে হবে।

২. শিক্ষাগত যোগ্যতা প্রমাণের জন্য বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অর্জিত সকল সনদ (স্নাতকোত্তর/স্নাতক/বিএসসি/এইচএসসি/ডিপ্লোমা বা সমমানের মূল বা সাময়িক সনদ) এর সত্যায়িত ফটোকপি। মূল সনদের ফটোকপি প্রদানে অপারগ হলে সাময়িক সনদের ফটোকপি গৃহীত হবে। শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ বিশ্ববিদ্যালয় বা সর্বশেষ পরীক্ষার মার্কশিট প্রাথমিকভাবে গ্রহণযোগ্য হবে তবে সাক্ষাৎকার বোর্ডে মূল/সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে। চার বছর মেয়াদি স্নাতক/স্নাতক সম্মান ডিগ্রিধারী প্রার্থীদের জমাকৃত সনদ/ মার্কশিট/টেস্টিমোনিয়াল-এ যদি অর্জিত ডিগ্রির মেয়াদ ৪ বৎসর সুস্পষ্ট উল্লেখ না থাকে সেক্ষেত্রে অর্জিত ডিগ্রি ৪ বছর মেয়াদি মর্মে বিভাগীয় প্রধান/পরীক্ষা নিয়ন্ত্রক/রেজিস্ট্রার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাদের অর্জিত ডিগ্রি ৩ বছর মেয়াদি হিসেবে গণ্য করা হবে;

৩. বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি; "ও" লেভেল এবং "এ" লেভেল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ জমা দিতে হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

৪. বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি/শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);

৫. আবেদনকারীর স্থায়ী ঠিকানা পরিবর্তিত হলে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রামাণ্য সনদের সত্যায়িত কপি;

৬. অভিজ্ঞতার সনদের কপি; অভিজ্ঞতার সনদ জমাদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের স্কেল/গ্রেড, চাকরিতে যোগদান এবং পরিত্যাগের সুস্পষ্ট তারিখসহ মেয়াদ (প্রযোজ্য ক্ষেত্রে এনডোর্সকৃত/পৃষ্ঠাংকনকৃত আর্টিকেল-৪৭ ফরম), চাকরি চলমান থাকলে বিজ্ঞপ্তি জারির শেষ তারিখে অভিজ্ঞতা গণনাপূর্বক যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত অভিজ্ঞতার সনদপত্র জমাপ্রদান করতে হবে। ছাড়পত্রের কপি অভিজ্ঞতার সনদ হিসেবে বিবেচিত হবে না।

৭. কমিশন সচিবালয়ের ১৫.০২.২০১২ তারিখের ২৩৩ নং অফিস আদেশ অনুযায়ী পিএসসি কর্তৃক গৃহীত বিভিন্ন নন-ক্যাডার পদে নিয়োগের ক্ষেত্রে যে সকল পদে নিয়োগের জন্য অভিজ্ঞতা চাওয়া হয় সে সকল ক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য চাহিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখের পর হতে অভিজ্ঞতা গণনা করা হবে।

৮. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩ জুন ২০২১ তারিখের ১২০ নং স্মারকে প্রদত্ত মতামতের পরিপ্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অন্তর্ভুক্ত প্রোগ্রামার ও অন্যান্য উচ্চতর গ্রেডের পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে একই গ্রেডের সমপদে প্রার্থী নির্বাচনকালে অন্যান্য সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ সংস্থায় কর্মরতদের চাকুরিকালকে সংশ্লিষ্ট নিয়োগবিধিতে বর্ণিত প্রযোজ্য ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে বিবেচনা করা যাবে। তবে উল্লিখিত বিধিমালার অন্তর্ভুক্ত একই পদনামের অভিজ্ঞতা বিবেচিত হবে; একই গ্রেডের ভিন্ন পদনামের অভিজ্ঞতা বিবেচিত হবে না।

৯. জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৬.০১.২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১২.০২৩.২০২০.০৭ নম্বর স্মারক অনুযায়ী সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনাল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর অন্তর্ভুক্ত প্রোগ্রামার ও অন্যান্য উচ্চতর গ্রেডের পদসমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে একই গ্রেডের সমপদে প্রার্থী নির্বাচনকালে প্রকল্পে কর্মরতদের চাকরিকালকে ফিডার পদের অভিজ্ঞতা হিসেবে বিবেচনা করার সুযোগ নেই।

১০. বিজ্ঞাপিত কোনো পদের অভিজ্ঞতার শর্তে সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে চাকরির অভিজ্ঞতা চাওয়া হলে আবেদনকারী প্রার্থীদের উক্ত প্রতিষ্ঠান/সংস্থা সংবিধিবদ্ধ সংস্থা মর্মে কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে। সংবিধিবদ্ধ প্রতিষ্ঠান বলতে এমন কর্তৃপক্ষ সংস্থা বা প্রতিষ্ঠান বোঝাবে যার প্রধান প্রধান কার্যাবলী কোনো আইন, অধ্যাদেশ, আদেশ বা বাংলাদেশে আইনের ক্ষমতা সম্পন্ন চুক্তিপত্র দ্বারা অর্পিত।

১১. জাতীয় পরিচয়পত্রের (NID) সত্যায়িত কপি;

১২. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টস (প্রযোজ্য ক্ষেত্রে)।

১৩. বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষার প্রবেশপত্রের কপি;

১৪. প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

১৫. ০৩ কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙ্গিন ছবি;

১৬. নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি;

ক্রমশ/১১

১৭. অনলাইনে আবেদনপত্র পূরণের শেষ তারিখ অর্থাৎ ৩১.০৭.২০২৩ তারিখের মধ্যে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সর্বশেষ শিক্ষাগত যোগ্যতা অর্জনের তারিখ সংবলিত শিক্ষা প্রতিষ্ঠান কতৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

১৮. প্রার্থী কর্তৃক আবেদনপত্রে উল্লিখিত স্থায়ী ঠিকানা পরবর্তীতে পরিবর্তিত হলে কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হলে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার সপক্ষে প্রাক্তন এবং বর্তমান সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর/পৌর মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র।

১০. বাছাই (MCQ)/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ Applicant's Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে ব্যর্থ হলে তাদের প্রার্থিতা বাতিল হবে এবং তারা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। Applicant's Copy (BPSC Form-5A) সহ প্রয়োজনীয় সকল কাগজপত্র/তথ্যাদি পুঙ্খানুপুঙ্খ যাচাইয়ের পর শুধু যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১১. অনলাইন আবেদনপত্রের (BPSC Form-5A) উল্লিখিত স্থায়ী জেলা সঠিক হতে হবে। **এক্ষেত্রে ভুল তথ্য প্রদানের জন্য প্রার্থিতা/মনোনয়ন বাতিল হবে।** অনলাইনে পূরণকৃত Applicant's Copy (BPSC Form-5A) এর তথ্য সঠিক হিসেবে পরিগণিত হবে।

১২. **BPSC Form-5A (Applicant's Copy) জমাপ্রদানের শেষ তারিখের পর Applicant's Copy তে কোনো ধরণের তথ্য সংশোধনের আবেদন গ্রহণযোগ্য হবে না।**

১৩. প্রার্থীকে কেবল কমিশনের অনুমোদিত অনলাইন আবেদনপত্র (BPSC Form-5A) পূরণ করে রেজিস্ট্রেশন করতে হবে। মুদ্রিত আবেদনপত্র জমাদানের কোনো সুযোগ নেই।

১৪. প্রার্থীর নাম ও পিতার নাম এসএসসি অথবা সমমানের সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রেও (BPSC Form-5A) ঠিক সেভাবে লিখতে হবে।

১৫. **যেসকল পদের ক্ষেত্রে প্রার্থীর ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ডিপ্লোমা ডিগ্রি চাওয়া হয় সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি থাকলেও আবশ্যিকভাবে ডিপ্লোমা ডিগ্রি থাকতে হবে। ডিপ্লোমা ডিগ্রি অর্জন ব্যতিরেকে সংশ্লিষ্ট বিষয়ে অতিরিক্ত/উচ্চতর ডিগ্রি গ্রহণযোগ্য হবে না।**

১৬. শারীরিক প্রতিবন্ধী হিসেবে আবেদনকারী প্রার্থীদের মধ্যে যেসকল প্রার্থী শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের কর্ম কমিশন থেকে শ্রুতিলেখক প্রদান করা হবে। এরূপ প্রার্থীদের নিম্নোক্ত কাগজপত্রসহ রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর **১০ (দশ) কর্ম দিবস** অর্থাৎ **১৪.০৮.২০২৩ তারিখের** মধ্যে অফিস চলাকালীন **পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা বরাবর আবেদন করতে হবে:**

ক. অনলাইন আবেদনপত্রের (Applicant's Copy) কপি;

খ. প্রার্থীর ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি;

গ. শ্রুতিলেখকের প্রয়োজনীয়তা সম্পর্কে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত ডাক্তারি প্রত্যয়নপত্র;

ঘ. সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ/পরিচয় পত্রের সত্যায়িত কপি।

**** উল্লেখ্য, শ্রুতিলেখকের জন্য আবেদনকারী প্রার্থীকে কেবল কর্ম কমিশন কর্তৃক মনোনীত শ্রুতিলেখকের সহায়তায় পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

১৭. কোন প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে কোন মিথ্যা তথ্য উল্লেখ করলে আবেদনপত্র বাতিলের পাশাপাশি সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থাও গ্রহণ করা হবে।

১৮. **৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ এর বেশি হলে লিখিত পরীক্ষার পূর্বে ১০০ নম্বরের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে। বাছাই পরীক্ষা [MCQ Type]:**

ক. প্রার্থীদেরকে ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) ধরনের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ. পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘণ্টা।

গ. বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২০, সংশ্লিষ্ট টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের-৪০ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের প্রশ্ন করা হবে।

ঘ. MCQ Type বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

ক্রমশ/১২

১৯. **৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা:**

ক. বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের ৮০ নম্বরসহ মোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

খ. লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ ৯ম গ্রেডের প্রার্থীদের ১০০ নম্বরের এবং ১০ম-১২তম গ্রেডের প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২০. **৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ এর বেশি হলে লিখিত পরীক্ষার পূর্বে ১০০ নম্বরের MCQ ধরনের বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে। বাছাই পরীক্ষা [MCQ Type] :**

ক. প্রার্থীদেরকে ১০০ (একশত) নম্বরের Multiple Choice Question (MCQ) ধরনের বাছাই পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ. পরীক্ষায় মোট ১০০ (একশত)টি প্রশ্ন থাকবে। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন; ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ নম্বর কাটা যাবে। পরীক্ষার পূর্ণ সময় ১ ঘণ্টা।

গ. বাংলা-২৫, ইংরেজি-২৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-২৫, গণিত ও দৈনন্দিন বিজ্ঞান বিষয়ের-২৫ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের প্রশ্ন করা হবে।

ঘ. MCQ Type বাছাই পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

২১. **৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের নন-টেকনিক্যাল পদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থী সংখ্যা ১০০০ বা তার কম হলে অনলাইনে রেজিস্ট্রেশনের পর ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা:**

ক. বাংলা-৫০, ইংরেজি-৫০, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি)-৪০ এবং গণিত ও মানসিক দক্ষতা বিষয়ের ৬০ নম্বরসহ মোট ২০০ নম্বরের ৪ ঘণ্টার লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

খ. লিখিত/ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ ৯ম গ্রেডের প্রার্থীদের ১০০ নম্বরের এবং ১০ম-১২তম গ্রেডের প্রার্থীদের ৫০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

২২. ১. ৯ম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের প্রার্থীদের অবশ্যই প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের লিখিত পরীক্ষায় ন্যূনতম ৩০% নম্বর পেতে হবে। কোন প্রার্থী টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৩০% এর কম নম্বর পেলে উক্ত প্রার্থী লিখিত পরীক্ষায় সামগ্রিকভাবে অকৃতকার্য বলে গণ্য হবেন। তবে লিখিত পরীক্ষায় টেকনিক্যাল/প্রফেশনাল বিষয় ব্যতীত অন্য কোন বিষয়ে ২৫% এর কম নম্বর পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোন নম্বর পাননি মর্মে গণ্য হবে। উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে সামগ্রিকভাবে সকল বিষয়ে সামগ্রিকভাবে গড়ে ৪৫% নম্বর পেলে প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন মর্মে বিবেচিত হবেন।

২. ৯ম গ্রেডের নন-টেকনিক্যাল পদে লিখিত পরীক্ষার পাশ নম্বর গড়ে ৪৫% । তবে লিখিত পরীক্ষার কোন বিষয়ে ২৫% এর কম নম্বর পেলে প্রার্থী উক্ত বিষয়ে কোন নম্বর পাননি মর্মে গণ্য হবে।

৩. ৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের প্রার্থীদের অবশ্যই প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ের লিখিত পরীক্ষায় ন্যূনতম ৩০% নম্বর পেতে হবে। কোন প্রার্থী টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৩০% এর কম নম্বর পেলে উক্ত প্রার্থী লিখিত পরীক্ষায় সামগ্রিকভাবে অকৃতকার্য বলে গণ্য হবেন। টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়ে ৩০% নম্বরসহ সামগ্রিকভাবে সকল বিষয়ে গড়ে ৪৫% নম্বর পেলে প্রার্থী লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন মর্মে বিবেচিত হবেন।

৪. ১০ম, ১১তম, ১২তম ও ১৩তম গ্রেডের নন-টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার পাশ নম্বর সামগ্রিকভাবে ৪৫% অনুসরণ করতে হবে।

৫. **নন-ক্যাডার পরীক্ষা নীতিমালা ০১ এপ্রিল, ২০১৯ এর অনুচ্ছেদ ৪.১ অনুসরণে প্রার্থী ও পদের সংখ্যা নির্বিশেষে এবং জরুরি প্রয়োজনে কমিশন তাৎক্ষণিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক কমিশন কর্তৃক পুনর্নির্ধারিত পদ্ধতিতে নিয়োগ পরীক্ষা সম্পন্ন করতে পারবেন।**

৬. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ এবং মৌখিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার পূর্বে (প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষার পরে) Applicant's Copy (BPSC Form-5A) সহ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী চাহিত সকল কাগজপত্র/তথ্যাদি জমা প্রদান করতে হবে।

ক্রমশ/১৩

২৩. **৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন:**

ক. **নন-ক্যাডার ৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের টেকনিক্যাল/প্রফেশনাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন :**

| ক্রমিক নম্বর | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ১. | বাংলা<br>পূর্ণমান-৪০ | |
| | ক. রচনা | ১৫ |
| | খ. সারাংশ/সারমর্ম- | ০৫ |
| | গ. পত্র লিখন: ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি। | ০৫ |
| | ঘ. বঙ্গানুবাদ | ০৫ |
| | ঙ. ব্যাকরণ: ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রূপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ববিধান ও ষত্ববিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | ১০ |
| ২. | ইংরেজি<br>পূর্ণমান-৪০ | |
| | a. Essay (With hints). | 15 |
| | b. Letter: Official/ Demi-Official/ Memorandum/ Business Type. | 05 |
| | c. Comprehension. | 10 |
| | d. Grammar: Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | 10 |

ক্রমশ/১৪

| | | |
|---|---|---|
| ৩. | সাধারণ জ্ঞান<br>পূর্ণমান-৪০ | |
| | ক. বাংলাদেশ বিষয়াবলি :<br>বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা। | ১৫ |
| | খ. আন্তর্জাতিক বিষয়াবলি :<br>বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গ সংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান সমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থান সমূহ। | ১৫ |
| | গ. বিজ্ঞান ও প্রযুক্তি :<br>দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১০ |
| ৪. | প্রাসঙ্গিক টেকনিক্যাল/প্রফেশনাল বিষয়<br>পূর্ণমান-৮০ | |
| | ক. তাত্ত্বিক বিষয় (Theoretical). | ৩০ |
| | খ. ব্যবহারিক বা প্রায়োগিক বিষয় (Application) | ৫০ |

ক্রমশ/১৫

**খ. নন-ক্যাডার ৯ম, ১০ম, ১১তম ও ১২তম গ্রেডের গ্রেডের নন টেকনিক্যাল পদের লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস ও নম্বর বণ্টন :**

| ক্রমিক নং | বিষয় ও সিলেবাস | নম্বর |
|---|---|---|
| ১. | **বাংলা (পূর্ণমান-৫০)** | |
| | ক. রচনা | ১৫ |
| | খ. সারাংশ/সারমর্ম | ০৫ |
| | গ. পত্র লিখন : ব্যক্তিগত পত্র, আবেদনপত্র, পত্রিকায় প্রকাশার্থে পত্র, ব্যবসা সংক্রান্ত পত্র, স্মারকলিপি। | ১০ |
| | ঘ. বঙ্গানুবাদ | ০৫ |
| | ঙ. ব্যাকরণ : ভাষার সংজ্ঞা, ভাষার রূপ, সাধুভাষা ও চলিত রীতির রূপান্তর, দেশি ও বিদেশি শব্দ, ণত্ববিধান ও ষত্ববিধানের সংজ্ঞা ও নিয়মাবলি, দ্বিরুক্ত শব্দ, পদ, ধাতু, উপসর্গ, অনুসর্গ, প্রকৃতি ও প্রত্যয়, যতি বা বিরাম চিহ্ন, শুদ্ধ ও অশুদ্ধ, বাগধারা, বাক্য সংকোচন, প্রতিশব্দ ও সমার্থক শব্দ, প্রায় সমোচ্চারিত শব্দ, একই শব্দের বিভিন্নার্থে প্রয়োগ। | ১৫ |
| ২. | **ইংরেজি (পূর্ণমান-৫০)** | |
| | a. Essay (with hints) | 15 |
| | b. Letter: Official/ Demi-Official/ Memorandum/ Business Type. | 10 |
| | c. Comprehension | 10 |
| | d. Grammar: Use of verb, Preposition, Voice, Narration, Correction of errors in composition, use of words having similar pronunciation but conveying different meaning, use of idioms and phrases. | 15 |
| ৩. | **সাধারণ জ্ঞান (পূর্ণমান-৪০)** | |
| | ক. বাংলাদেশ বিষয়াবলি :<br>বাংলাদেশের সংবিধান, বাংলাদেশের ভৌগোলিক অবস্থা, জনসংখ্যা, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ইতিহাস, শিল্প ও সাহিত্য, প্রাকৃতিক ও খনিজ সম্পদ, জলবায়ু, পরিবেশ, বাংলাদেশের উন্নয়নে কৃষি, শিল্প, বাণিজ্যের অবদান, উন্নয়ন পরিকল্পনা। | ১৫ |
| | খ. আন্তর্জাতিক বিষয়াবলি :<br>বাংলাদেশের পররাষ্ট্র নীতি ও আন্তর্জাতিক সম্পর্ক, জাতিসংঘ ও এর অঙ্গ সংগঠনসমূহ, আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান সমূহ, গ্লোবালাইজেশন, আঞ্চলিক ও আন্তর্জাতিক সংস্থাসমূহ, বিশ্বের বিখ্যাত ব্যক্তি, প্রতিষ্ঠান বা স্থানসমূহ। | ১৫ |
| | গ. বিজ্ঞান ও প্রযুক্তি :<br>দৈনন্দিন বিজ্ঞান, বায়ু, মাটি, তাপ, বিদ্যুৎ, আলো, চুম্বক, খাদ্যের উপাদান, জনস্বাস্থ্য, দূষণ, কম্পিউটার। | ১০ |

| | | |
|---|---|---|
| ৪. | গণিত ও মানসিক দক্ষতা (পূর্ণমান-৬০) | |
| | ১. পাটি গণিত: সেট ও সংখ্যা, সরল, গড়, লাভ-ক্ষতি, শতকরা, সুদকষা, ক্ষেত্রফল, অনুপাত, সমানুপাত। | ১৫ |
| | ২. বীজ গণিত: বর্গ ও ঘন এর সূত্র এবং এর ব্যবহার, ল.সা. গু, গ. সা. গু, উৎপাদকে বিশ্লেষণ, সমাধান, মান নির্ণয় ইত্যাদি। | ১৫ |
| | ৩. জ্যামিতি: প্রাথমিক ধারণা ও সংজ্ঞা, রেখা, বিন্দু, কোণ, ত্রিভুজ, চতুর্ভুজ সম্পর্কীয় বিষয়াদি; ক্ষেত্রফল ও বৃত্ত সম্পর্কীয় বিষয়াদি, ত্রিকোণমিতি ইত্যাদি। | ১০ |
| | ৪. মানসিক দক্ষতা : Ability to understand language, decision making ability, ability to measure spatial relationship and direction, problem solving ability, perceptual ability etc. | ২০ |

২৪. **ব্যতিক্রম :**

**পররাষ্ট্র মন্ত্রণালয়ের "সুপারিনটেনডেন্ট " (১০ম গ্রেড) ও ব্যক্তিগত কর্মকর্তা (১০ম গ্রেড) পদের এবং সাধারণ পুলের আওতায় নিয়োগযোগ্য বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের "ব্যক্তিগত কর্মকর্তা" পদের নিয়োগের জন্য পৃথক নিয়োগ বিধিমালা থাকায় উপরে বর্ণিত এ নিয়ম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।**

## তফসিল-২ এর ক

ক. পররাষ্ট্র মন্ত্রণালয়ে কর্মচারী নিয়োগ বিধিমালা-২০১৮ অনুযায়ী **সুপারিনটেনডেন্ট** পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলী | | | নম্বর | | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | | | (৩) | | (৪) | (৫) |
| ১। | (ক) | লিখিত পরীক্ষা : | | বিষয় ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৩ ঘণ্টা |
| | | (অ) | বাংলা | ৫০ | ২০০ | | |
| | | (আ) | ইংরেজী | ১০০ | | | |
| | | (ই) | গণিত | ২৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ২৫ | | | |
| ২। | (খ) | মৌখিক পরীক্ষা | | | ২৫ | | |
| | | | | সর্বমোট : | ২২৫ | | |

**ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হইবেন।**

## তফসিল-২ এর অংশ-গ

ক. পররাষ্ট্র মন্ত্রণালয় কর্মচারী নিয়োগবিধিমালা ২০১৮ অনুযায়ী **"ব্যক্তিগত কর্মকর্তা"** (১০ম গ্রেড) পদের নিয়োগ পরীক্ষার (লিখিত) বিষয়, নম্বর ও সময় :-

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়াবলি | | | নম্বর | | সর্বনিম্ন পাশ নম্বর | সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | | | ৩. | | ৪. | ৫. |
| ১. | ক | লিখিত পরীক্ষা | | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | ৫০% | ৯০ মিনিট |
| | | (অ) | বাংলা | ২০ | ১০০ | | |
| | | (আ) | ইংরেজি | ৫০ | | | |
| | | (ই) | গণিত | ১৫ | | | |
| | | (ঈ) | সাধারণ জ্ঞান | ১৫ | | | |
| ২. | খ | মৌখিক পরীক্ষা | | | ১০ | | |
| | | | | সর্বমোট : | ১১০ | | |

ব্যাখ্যা : **লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচনা করা হবে।**

## তফসিল-২ এর অংশ-ছ

খ. পররাষ্ট্র মন্ত্রণালয় কর্মচারী নিয়োগবিধিমালা ২০১৮ অনুযায়ী **"ব্যক্তিগত কর্মকর্তা"** (১০ম গ্রেড) পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীদের সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি :-

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | ২. | ৩. | ৪. | ৫. | ৬. | ৭. | ৮. | ৯. |
| সাঁট-লিপি | | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| কম্পিউটার মুদ্রাক্ষর | | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা : (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জিত হয় নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫টি ষ্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

ক্রমশ/১৮

## তফসিল-৩

ক. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী **ব্যক্তিগত কর্মকর্তা** (১০ম গ্রেড) পদের সরাসরি নিয়োগ পরীক্ষার(লিখিত) বিষয়, নম্বর ইত্যাদি :

| ক্রমিক নং | পরীক্ষা ও বিষয়ের নাম | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| | (ক) লিখিত পরীক্ষা | ৯০ | ৫০% | ৯০ মিনিট |
| ১। | বাংলা | ২৫ | | |
| ২। | ইংরেজি | ২৫ | | |
| ৩। | গণিত | ২০ | | |
| ৪। | সাধারণ জ্ঞান | ২০ | | |
| | (খ) মৌখিক পরীক্ষা | ১০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**ব্যাখ্যা : (ক) লিখিত পরীক্ষায় এবং তফসিল-৪ এ বর্ণিত সাঁট-লিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপটিচিউড টেষ্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবে।**

**(খ) কম্পিউটারে Word processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকিতে হইবে।**

## তফসিল-৪

খ. বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ অনুযায়ী **ব্যক্তিগত কর্মকর্তা** (১০ম গ্রেড) পদে সরাসরি নিয়োগ প্রার্থীদের সাঁট-লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর ইত্যাদি :

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|
| **সাঁট-লিপি** | | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | | |
| ব্যক্তিগত কর্মকর্তা | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

**ব্যাখ্যা :** (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে।

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হইবে।

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে।

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

ক্রমশ/১৯

২৫. লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক সিলেবাস এবং নন-ক্যাডার পরীক্ষা নীতিমালা কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd এ পাওয়া যাবে।

২৬. **লিখিত পরীক্ষায় উত্তর প্রদানের ভাষা : বাংলা ও ইংরেজি বিষয়ের প্রশ্নের উত্তর সংশ্লিষ্ট ভাষাতে লিখতে হবে। অন্যান্য বিষয়ের প্রশ্নের উত্তর বাংলা বা ইংরেজি-এর যেকোন একটি'তে লেখা যাবে। একটি বিষয়ের উত্তরে উভয় ভাষা ব্যবহার করা যাবে না তবে Technical শব্দসমূহ ইংরেজিতে লেখা যাবে। কোন বিষয়ের প্রশ্নপত্রে অন্য কোনরূপ নির্দেশ থাকলে উক্ত বিষয়ের ক্ষেত্রে ঐ নির্দেশ অনুযায়ী প্রশ্নোত্তর লিখতে হবে।**

২৭. এই বিজ্ঞপ্তিতে যেসকল শর্ত আরোপ করা হয়েছে তা আবেদনপত্র (BPSC Form-5A) এর কোনো শর্তের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ না হলে এই বিজ্ঞপ্তির শর্তই চূড়ান্ত বলে গণ্য হবে। তবে কোন বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কমিশন এ ব্যাপারে প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান করবে।

২৮. প্রার্থীকে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে অতিরিক্ত ০১(এক) সেট BPSC Form-5A (Applicant's Copy) অনুচ্ছেদ-৯ এ বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র/তথ্যাদি সহ জমা দিতে হবে। প্রত্যেক ডকুমেন্টের উপর অবশ্যই প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

২৯. শিক্ষাগত যোগ্যতার সকল মূল অথবা সাময়িক সনদ, অভিজ্ঞতা সনদের মূলকপি (প্রযোজ্য ক্ষেত্রে), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ সার্কুলার অনুযায়ী মুক্তিযোদ্ধার বয়সের প্রমাণক/ডকুমেন্টসের মূল কপি (প্রযোজ্য ক্ষেত্রে), প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারীকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) Applicant's Copy (BPSC Form-5A) এবং জাতীয় পরিচয়পত্র অবশ্যই দাখিল করতে হবে। সরকারি/ আধাসরকারি/স্বায়ত্তশাসিত/স্থানীয় সংস্থায় চাকুরিরত প্রার্থীদেরকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিল স্বাক্ষরিত ছাড়পত্রের মূল কপি এবং সত্যায়িত ফটোকপি মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে প্রার্থীদের নামে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না। অনলাইনে রেজিস্ট্রেশনকালে ডাউনলোডকৃত প্রবেশপত্রই মৌখিক পরীক্ষার জন্য প্রযোজ্য হবে।

৩০. প্রার্থীদের অতিরিক্ত তথ্য পাওয়ার জন্য বিপিএসসি এর ওয়েবসাইট নিয়মিতভাবে ভিজিট করতে হবে। এছাড়া কর্ম কমিশন সচিবালয়ে অফিস চলাকালিন সময়ে **৫৫০০৬৮৩৪ এবং ৫৫০০৬৬৫৭** টেলিফোন নম্বরে যোগাযোগ করে তথ্য জানা যাবে।

৩১. নতুন পদ সৃষ্টি, পদোন্নতি, অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপসারণ ইত্যাদি কারণে বিজ্ঞাপিত পদসংখ্যা বাড়ানো হতে পারে বা যৌক্তিক কারণে পদ সংখ্যা পরিবর্তন হতে পারে।

৩২. কেন্দ্রভিত্তিক রেজিস্ট্রেশন নম্বর প্রার্থীকে ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ কেন্দ্রের মধ্যে যেকোন একটি কেন্দ্রের বিপরীতে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। প্রার্থী যে কেন্দ্র নির্বাচন করবেন সে কেন্দ্রের জন্য নির্ধারিত রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ হতে কম্পিউটারাইজড পদ্ধতিতে প্রার্থীকে রেজিস্ট্রেশন নম্বর প্রদান করা হবে। তবে বাছাই/লিখিত পরীক্ষা এবং মৌখিক পরীক্ষা কেবল ঢাকায় অনুষ্ঠিত হবে।

৩৩. **বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।**

ক্রমশ/২০

৩৪. আবেদনপত্র অনলাইনে পূরণ, এসএমএস এর মাধ্যমে ফি জমাদান এবং প্রবেশপত্র প্রাপ্তি সংক্রান্ত নির্দেশাবলি এবং অন্যান্য পালনীয় বিষয়সমূহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের Web address : www.bpsc.gov.bd এবং টেলিটকের Web address : http://bpsc.teletalk.com.bd এ পাওয়া যাবে।

- **শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

[আবদুল্লাহ আল মামুন]
পরীক্ষা নিয়ন্ত্রক [নন-ক্যাডার]

নং-৮০.০০.০০০০.৩০১.৭৩.০০২.২৩-৮৮

তারিখ : ২৬.০৬.২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল :-**

০১. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব ..............................................................................মন্ত্রণালয়/বিভাগ।
০২. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট এবং জাতীয় তথ্য বাতায়ন www.bangladesh.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
০৩. উপসচিব (প্রশাসন/অর্থ ও সেবা/বাজেট)/পরিচালক (সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৪. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. উপপরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/ সিলেট/রংপুর/ময়মনসিংহ)।
০৭. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
০৮. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা(সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার) এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১০. অভ্যর্থনা /নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১১. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।

**যে কোনো ধরণের তদবির প্রার্থী অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।**

[মোঃ শাহআলম মিঞা]
পরিচালক [নন-ক্যাডার পরীক্ষা শাখা]

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
কারিগরি-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের সরকারি চাকরি প্রাপ্তি বিষয়ক বিদ্যমান সমস্যার সমাধান এবং ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমে অধ্যয়নরত শিক্ষার্থীদের ভবিষ্যত কর্ম সংস্থানের সুযোগ বিবেচনায় মূল টেকনোলজি এবং মূল টেকনোলজির সাথে সামঞ্জস্যপূর্ণ ইমার্জিং টেকনোলজিসমূহ সরকার নিম্নরূপভাবে পুনর্বিন্যাস করিলেনঃ

| ক্রমিক | মূল টেকনোলজি | মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত ইমার্জিং টেকনোলজিসমূহ |
|---|---|---|
| ০১ | সিভিল | সিভিল উড, কন্সট্রাকশন, এনভায়রনমেন্ট |
| ০২ | আর্কিটেকচার | ইন্টেরিয়র ডিজাইন |
| ০৩ | ইলেকট্রিক্যাল | ইলেকট্রনিক্স, ইলেকট্রো-মেডিক্যাল, টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেনটেশন অ্যান্ড প্রসেস কন্ট্রোল |
| ০৪ | কম্পিউটার | কম্পিউটার সায়েন্স অ্যান্ড টেকনোলজি, ডাটা টেলিকমিউনিকেশন অ্যান্ড নেটওয়ার্কিং |
| ০৫ | মেকানিক্যাল | মেকাট্রনিক্স, পাওয়ার, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং, অটোমোবাইল, মাইনিং অ্যান্ড মাইন সার্ভে |
| ০৬ | কেমিক্যাল | ফুড |
| ০৭ | মেরিন | শিপবিল্ডিং |
| ০৮ | এয়ারক্রাফট মেইনটেন্যান্স | এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এরোস্পেস), এয়ারক্রাফট মেইনটেন্যান্স (এভিয়োনিক্স) |
| ০৯ | লেদার | লেদার প্রোডাক্ট অ্যান্ড এক্সেসরিজ, ফুটওয়্যার। |

**অনুসরণীয় কার্যক্রমঃ**

০১. মূল টেকনোলজির সাথে পুনর্বিন্যাসকৃত টেকনোলজির পঠিত বিষয়সমূহের কমপক্ষে ৬৫% মিল বা সমতা থাকিলে সমতুল্য সনদ প্রদান, অন্যথায় আগ্রহী শিক্ষার্থীদেরকে মেকআপ বিষয়/বিষয়সমূহে অধ্যয়নের সুযোগ প্রদান এবং পুনরায় মূল্যায়নপূর্বক সমতুল্য সনদায়নের ব্যবস্থা করিতে হইবে। এই ক্ষেত্রে বাস্তবতার নিরিখে যথাযথ পর্যালোচনাপূর্বক ইমার্জিং টেকনোলজির সকল বিষয়কে মূল টেকনোলজির সাথে সমন্বয় অথবা ২-৩ বছর একই বিষয়ে (Core Subjects) অধ্যয়ন শেষে শিক্ষার্থীগণ ইমার্জিং টেকনোলজির কোন বিষয়কে বিশেষ কোর্স (Specialized Course) হিসেবে গ্রহণ করিবে বা বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড শিক্ষার্থীদের মেকআপ বিষয়ে বিশেষ কোর্স নির্ধারণ করিবে।

০২. ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিটি ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের অন্তর্ভুক্ত না করিয়া উক্ত বিষয়টিকে বিভিন্ন অকুপেশন/ ট্রেডভিত্তিক শর্ট কোর্সে রূপান্তরপূর্বক পরিচালনা করিতে হইবে। ভবিষ্যতে ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি টেকনোলজিতে ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সটি বন্ধ থাকিবে, তবে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থীগণ এই কোর্সটি যথানিয়মে সম্পন্ন করিবেন।

০৩. গ্রাফিক আর্টস ইন্সটিটিউট, বাংলাদেশ গ্লাস অ্যান্ড সিরামিকস ইন্সটিটিউট ও বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউটের শিক্ষা কার্যক্রম মনোটেকনিক ইন্সটিটিউট হিসেবে পূর্বের ন্যায় অব্যাহত থাকিবে। মনোটেকনিক প্রতিষ্ঠানসমূহে স্থানীয় ও বৈদেশিক কর্মের চাহিদা বিবেচনা করিয়া প্রয়োজনীয় সংখ্যক অকুপেশনভিত্তিক শর্ট কোর্স চালু করিতে হইবে। মনোটেকনিক ইন্সটিটিউটের শিক্ষার্থীদের উচ্চ শিক্ষা গ্রহণ বিষয়ে পুনঃপরীক্ষা/ পর্যালোচনাপূর্বক বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবে।

০৪. জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩/০৬/২০২১

(কাইজার মোহাম্মদ ফারাবী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৫৫৬
ds_tec2@moedu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) ঃ

০১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০৩. অতিরিক্ত সচিব (কারিগরি অনুবিভাগ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, ঢাকা-১০০০।
০৫. মহাপরিচালক, শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ জহির রায়হান রোড (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
০৬. অতিরিক্ত-সচিব (কারিগরি-১ অধিশাখা) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা।
০৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৩.৯৯.০০৫.২১-১৬৯(৫)

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০২. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা, (গেজেট প্রকাশের অনুরোধসহ।)
০৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

১৩/০৬/২০২১

(কাইজার মোহাম্মদ ফারাবী)
উপসচিব
ফোন: ৯৫৭৩৫৫৬